# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# আপীল বিভাগ, ঢাকা।

নং- ১৫৫৫ /২০২০ এস. সি (এডি) তারিখঃ ২০/১২/২০২০খ্রিঃ

**কোটেশন বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে নিম্নবর্ণিত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী মালামাল সংশ্লিষ্ট ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে বিধি মোতাবেক কোটেশন আহ্বান করা যাইতেছেঃ-

**মালামালের বিবরণী নিম্নরূপঃ-**

| ক্রমিক নং | দ্রব্যের নাম | পরিমান |
|---|---|---|
| ১. | স্যাভলন ডিজইনফেকটেন্ট স্প্রে (এসি আই) ৩০০ মি.লি. | ৬৫টি |
| ২. | হ্যান্ডিসেফ (হ্যান্ড স্যানিটাইজার) স্প্রে ২০০ মি.লি. | ৪৮টি |

**দরপত্রের শর্তাবলী**

১। আগামী ২২/১২/২০২০ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রারের এর কক্ষে রক্ষিত বাক্সে কোটেশন দাখিল করিতে হইবে এবং ঐ দিনই বেলা ১২.৩০ ঘটিকার সময় কোটেশন দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন বক্স খোলা হইবে।

২। কোটেশন উক্ত মালামালের মূল্য পৃথক পৃথক ভাবে একক মূল্য উল্লেখ পূর্বক সর্বমোট মূল্য অবশ্যই উল্লেখ করিতে হইবে। হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স এবং আনুসাঙ্গিক কাগজপত্রাদি সংযুক্ত করতঃ কোটেশন দাখিল করিতে হইবে। খামের উপর কোটেশনের নাম উল্লেখ করিতে হইবে।

৩। কোটেশনের সহিত জামানত হিসেবে মোট উদ্ধৃত মূল্যের শতকরা ৫% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরতযোগ্য) নিম্নে স্বাক্ষরকারীর অনুকুলে জমা দিতে হইবে। নগদ অর্থ গ্রহণযোগ্য নহে।

৪। সববরাহকৃত মালামাল অবশ্যই আনকোরা নতুন হতে হবে। মালামালের কোন প্রকার ত্রুটি ধরা পড়লে তা পরিবর্তন করে দিতে হবে।

৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত কোটেশন জামানত, মালামাল সরবরাহের তারিখ হতে ৬(ছয়) মাস পর্যন্ত কর্তৃপক্ষের নিকট রক্ষিত থাকবে।

৬। কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে কোটেশন উল্লেখিত মালামাল সরবরাহপূর্বক প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতঃ চালানসহ ৩(তিন) কপি বিল অত্র অফিসের সংশ্লিষ্ট শাখায় দাখিল করিতে হইবে।

৭। অসম্পূর্ন, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহৃত কোটেশন এবং নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত কোটেশন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

৮। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন প্রস্তাব গ্রহণে বাধ্য নহে এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ অথবা সকল কোটেশন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে

২০-১২-২০২০

(মোহাম্মদ মেহেদী হাসান)
ডেপুটি রেজিস্ট্রার
আপীল বিভাগ।

**প্রচারের জন্য অনুলিপিঃ-**

১। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

২। নোটিশ বোর্ড, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট, ঢাকা।

৩। নোটিশ বোর্ড, সলিসিটর অফিস, ঢাকা।

৪। নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট।